# জাতীয় বিশ্ববিদ্যালয়

# ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি নির্দেশিকা

## শিক্ষাবর্ষ: ২০২০-২০২১

**ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)**

## সাধারণ নির্দেশনা

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত স্নাতক (সম্মান) শ্রেণিতে পাঠদানকারী কলেজসমূহে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ২৮ জুলাই বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১৪ আগস্ট ২০২১ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাকিং এর মাধ্যমে ১৬ আগস্ট ২০২১ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন ক্লাস ১৫ সেপ্টেম্বর ২০২১ তারিখ থেকে শুরু হবে।

খ) ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির অনলাইন ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণের সচিত্র ব্যবহার বিধি জানতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) **Honours** অপশনে গিয়ে **Honours Admission User Guide** লিংকে ক্লিক করতে হবে।

গ) ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে আবেদনকারীদের শুধুমাত্র **SSC** ও **HSC** পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করে বিষয় বরাদ্দ দেয়া হবে।

ঘ) ভর্তি কার্যক্রমের বিস্তারিত সময়সূচি ও মেধা তালিকা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর মাধ্যমে জানা যাবে। **SMS** (nu<space>athn<space>roll no টাইপ করে **16222** নাম্বারে **send** করতে হবে) এর মাধ্যমে আবেদনকারী শুধুমাত্র মেধা তালিকায় স্থান পেয়েছে কিনা তা জানতে পারবে।

ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ভর্তিকৃত আবেদনকারীর ভর্তি বাতিল বলে গণ্য হবে। তাছাড়া কোন আবেদনকারী প্রাথমিক আবেদন ফরমে নিজের ছবি ব্যতীত অন্য কোন ছবি আপলোড করলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

চ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল, স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত কোন শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থীরা ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

ছ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন আবেদনকারী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

জ) এই ভর্তি নির্দেশিকার যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

বি: দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।

**১। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির ন্যূনতম যোগ্যতা**

ক) ভর্তি যোগ্যতা

| ক্রমিক | SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম যোগ্যতা | | | HSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম যোগ্যতা | | |
|---|---|---|---|---|---|---|
| | পরীক্ষার নাম | পাসের সন | ন্যূনতম GPA | পরীক্ষার নাম | পাসের সন | ন্যূনতম GPA (৪র্থ বিষয়সহ) |
| ক) | SSC ও সমমান (মানবিক শাখা) | ২০১৭/২০১৮ | 2.5 | HSC ও সমমান (মানবিক শাখা) | ২০১৯/২০২০ | 2.5 |
| খ) | SSC ও সমমান (বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) | ২০১৭/২০১৮ | 3.0 | HSC ও সমমান (বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা)<br>বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (ভোকেশনাল), HSC (বিজনেস্ ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা-ইন-কমার্স | ২০১৯/২০২০ | 2.5 |

খ) **২০১৭/২০১৮** সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং **২০১৯/২০২০** সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই)টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থীকে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি আবেদন করতে হবে।

গ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থীকে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি আবেদন করতে হবে।

ঘ) আবেদনকারী উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যে শাখা থেকে উত্তীর্ণ হয়েছে তাকে সেই শাখার জন্য নির্ধারিত ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে। **উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গার্হস্থ্য অর্থনীতি শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক শাখার আবেদন ফরম পূরণ করবে।**

**২। ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে নির্বাচিত বিষয়সমূহে ভর্তির যোগ্যতা**

**ক) মানবিক (Humanities) শাখা**

| ক্রমিক | ভর্তিচ্ছু বিষয় ও কোড | নিম্নের বিষয়সমূহের যে কোন একটি উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পঠিত হিসাবে থাকতে হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ পেতে হবে | উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বন্টন (শতকরা হারে) |
|---|---|---|---|
| ১। | বাংলা (Bangla) (1001) | ১। বাংলা (Bangla)<br>২। ইংরেজি (English) | মানবিক শাখা → ৭০%<br>বিজ্ঞান শাখা → ১৫%<br>ব্যবসায় শিক্ষা শাখা → ১৫%<br>► ১ম ও ২য় মেধা তালিকা দেয়ার পরও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| ২। | ইংরেজি (English) (1101) | ১। ইংরেজি (English) | |
| ৩। | আরবি (Arabic) (1201) | ১। আরবি (Arabic) | |
| ৪। | সংস্কৃত (Sanskrit) (1301) | ১। সংস্কৃত (Sanskrit)<br>২। বাংলা (Bangla) | |
| ৫। | ইতিহাস (History) (1501) | ১। ইতিহাস (History)<br>২। ইসলামের ইতিহাস ও সংস্কৃত (Islamic History & Culture)<br>৩। সমাজবিজ্ঞান (Sociology)<br>৪। সমাজকল্যাণ (Social Welfare)<br>৫। পৌরনীতি ও সুশাসন (Civics & Good Governance)<br>৬। যুক্তিবিদ্যা (Logic) | মানবিক শাখা → ১০০% |

<table>
<tr><td>৬।</td><td>ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (Islamic History & Culture) (1601)</td><td>১। ইসলামের ইতিহাস ও সংস্কৃত (Islamic History & Culture)<br>২। ইতিহাস (History)<br>৩। সমাজবিজ্ঞান (Sociology)<br>৪। সমাজকল্যাণ (Social Welfare)<br>৫। পৌরনীতি ও সুশাসন (Civics & Good Governance)</td><td rowspan="3"></td></tr>
<tr><td>৭।</td><td>দর্শন (Philosophy) (1701)</td><td>১। যুক্তিবিদ্যা (Logic)<br>২। পৌরনীতি ও সুশাসন (Civics & Good Governance)<br>৩। সমাজবিজ্ঞান (Sociology)<br>৪। সমাজকল্যাণ (Social Welfare)<br>৫। মনোবিজ্ঞান (Psychology)</td></tr>
<tr><td>৮।</td><td>ইসলামিক স্টাডিজ (Islamic Studies) (1801)</td><td>১। ইসলাম শিক্ষা (Study of Islam)<br>২। আল-ফিকহ্ (Al-Fiquh)<br>৩। তাজবীদ (Tazbid)<br>৪। আরবি (Arabic)</td></tr>
<tr><td>৯।</td><td>রাষ্ট্রবিজ্ঞান (Political Science) (1901)</td><td rowspan="4">১। পৌরনীতি ও সুশাসন (Civics & Good Governance)<br>২। সমাজবিজ্ঞান (Sociology)<br>৩। সমাজকল্যাণ (Social Welfare)<br>৪। অর্থনীতি (Economics)<br>৫। ইতিহাস (History)<br>৬। যুক্তিবিদ্যা (Logic)<br>৭। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>৮। জীববিজ্ঞান (Biology)</td><td rowspan="3">মানবিক শাখা → ৯০%<br>বিজ্ঞান শাখা → ৫%<br>ব্যবসায় শিক্ষা শাখা → ৫%<br>► ১ম ও ২য় মেধা তালিকা দেয়ার পরও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে।</td></tr>
<tr><td>১০।</td><td>সমাজবিজ্ঞান (Sociology) (2001)</td></tr>
<tr><td>১১।</td><td>সমাজকর্ম (Social Work) (2101)</td></tr>
<tr><td>১২।</td><td>অর্থনীতি (Economics) (2201)</td><td>মানবিক শাখা → ৮০%<br>বিজ্ঞান শাখা → ১০%<br>ব্যবসায় শিক্ষা শাখা → ১০%<br>► ১ম ও ২য় মেধা তালিকা দেয়ার পরও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে।</td></tr>
<tr><td>১৩।</td><td>নৃ-বিজ্ঞান (Anthropology) (4001)</td><td>১। সমাজবিজ্ঞান (Sociology)<br>২। সমাজকল্যাণ (Social Welfare)<br>৩। ভূগোল (Geography)<br>৪। ইতিহাস (History)<br>৫। পৌরনীতি ও সুশাসন (Civics & Good Governance)<br>৬। জীববিজ্ঞান (Biology)<br>৭। মনোবিজ্ঞান (Psychology)</td><td>মানবিক শাখা → ৯০%<br>বিজ্ঞান শাখা → ৫%<br>ব্যবসায় শিক্ষা শাখা → ৫%<br>► ১ম ও ২য় মেধা তালিকা দেয়ার পরও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে।</td></tr>
<tr><td>১৪।</td><td>গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান (Library & Information Science) (3801)</td><td>১। সমাজবিজ্ঞান (Sociology)<br>২। সমাজকল্যাণ (Social Welfare)<br>৩। ইতিহাস (History)<br>৪। পৌরনীতি ও সুশাসন (Civics)<br>৫। পদার্থবিজ্ঞান (Physics)<br>৬। রসায়ন (Chemistry)<br>৭। হিসাববিজ্ঞান (Accounting)<br>৮। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management)</td><td>উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য মেধাস্কোরের ভিত্তিতে আসন বন্টন করা হবে।</td></tr>
<tr><td>১৫।</td><td>গার্হস্থ্য অর্থনীতি (Home Economics) (3501)</td><td>১। গার্হস্থ্য বিজ্ঞান (Home Science)<br>২। সাধারণ বিজ্ঞান এবং খাদ্য ও পুষ্টি বিজ্ঞান (General Science & Food & Nutrition)<br>৩। ব্যবহারিক শিল্পকলা এবং বস্ত্র ও পোশাকশিল্প (Applied Art & Clothing & Textile)<br>৪। গৃহ-ব্যবস্থাপনা ও শিশুবর্ধন এবং পারিবারিক সম্পর্ক (Home Management & Child Development & Family Relations)<br>৫। গার্হস্থ্য অর্থনীতি (Home Economics)<br>৬। জীববিজ্ঞান (Biology)<br>৭। মনোবিজ্ঞান (Psychology)</td><td>মানবিক শাখা → ৯০%<br>বিজ্ঞান শাখা → ১০%<br>(সকল আসন মহিলা আবেদনকারীদের জন্য সংরক্ষিত থাকবে।)<br>► ১ম ও ২য় মেধা তালিকা দেয়ার পরও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক ও বিজ্ঞান শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৬। | বি. এ. (অনার্স) ইন মিউজিক<br>B. A. (Honours) in Music<br>(4501) | ১। বাংলা (Bangla)<br>২। ইংরেজি (English)<br>৩। উচ্চাঙ্গ সংগীত<br>৪। লঘু সংগীত<br>৫। ইতিহাস (History)<br>৬। সমাজবিজ্ঞান (Sociology)<br>৭। যুক্তিবিদ্যা (Logic)<br>৮। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>৯। হিসাববিজ্ঞান (Accounting) | উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে **মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা** শাখার জন্য মেধাস্কোরের ভিত্তিতে আসন বণ্টন করা হবে। |

## খ) বিজ্ঞান (Science) শাখা

| **ক্রমিক** | **ভর্তিচ্ছু বিষয় ও কোড** | **নিম্নের বিষয়সমূহের যে কোন একটি উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পঠিত হিসাবে থাকতে হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ পেতে হবে** | **উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বণ্টন (শতকরা হারে)** |
|---|---|---|---|
| ১৭। | পদার্থবিজ্ঞান (Physics)<br>(2701) | ১। পদার্থবিজ্ঞান (Physics)<br>২। রসায়ন (Chemistry)<br>৩। উচ্চতর গণিত (Higher Mathematics) | **বিজ্ঞান শাখা → ১০০%** |
| ১৮। | রসায়ন (Chemistry)<br>(2801) | ১। রসায়ন (Chemistry)<br>২। পদার্থবিজ্ঞান (Physics)<br>৩। উচ্চতর গণিত (Higher Mathematics) | |
| ১৯। | প্রাণ-রসায়ন (Bio-Chemistry)<br>(2901) | ১। রসায়ন (Chemistry)<br>২। জীববিজ্ঞান (Biology)<br>৩। মনোবিজ্ঞান (Psychology) | |
| ২০। | উদ্ভিদবিজ্ঞান (Botany)<br>(3001) | | |
| ২১। | প্রাণীবিজ্ঞান (Zoology)<br>(3101) | | |
| ২২। | মৃত্তিকাবিজ্ঞান (Soil Science)<br>(3301) | | |
| ২৩। | পরিসংখ্যান (Statistics)<br>(3601) | ১। পরিসংখ্যান (Statistics)<br>২। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>৩। পদার্থবিজ্ঞান (Physics) | |
| ২৪। | গণিত (Mathematics)<br>(3701) | ১। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>২। পরিসংখ্যান (Statistics)<br>৩। পদার্থবিজ্ঞান (Physics) | |
| ২৫। | পরিবেশ বিজ্ঞান (Environmental Science) (4401) | ১। ভূগোল (Geography)<br>২। রসায়ন (Chemistry)<br>৩। জীববিজ্ঞান (Biology)<br>৪। পদার্থবিজ্ঞান (Physics)<br>৫। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>৬। পরিসংখ্যান (Statistics) | |
| ২৬। | ভূগোল ও পরিবেশ (Geography and Enviroment)<br>(3201) | ১। ভূগোল (Geography)<br>২। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>৩। সমাজবিজ্ঞান (Sociology)<br>৪। সমাজকল্যাণ (Social Welfare)<br>৫। পৌরনীতি ও সুশাসন (Civics)<br>৬। পদার্থবিজ্ঞান (Physics)<br>৭। পরিসংখ্যান (Statistics)<br>৮। রসায়ন (Chemistry) | উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য মেধাস্কোরের ভিত্তিতে আসন বণ্টন করা হবে। |
| ২৭। | মনোবিজ্ঞান (Psychology)<br>(3401) | ১। মনোবিজ্ঞান (Psychology)<br>২। জীববিজ্ঞান (Biology)<br>৩। গার্হস্থ্য বিজ্ঞান (Home Science)<br>৪। গার্হস্থ্য অর্থনীতি (Home Economics)<br>৫। যুক্তিবিদ্যা (Logic)<br>৬। সমাজবিজ্ঞান (Sociology)<br>৭। সমাজকল্যাণ (Social Welfare)<br>৮। হিসাববিজ্ঞান (Accounting)<br>৯। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management)<br>১০। পদার্থবিজ্ঞান (Physics)<br>১১। পরিসংখ্যান (Statistics)<br>১২। রসায়ন (Chemistry)<br>১৩। উচ্চতর গণিত (Higher Mathematics) | উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য মেধাস্কোরের ভিত্তিতে আসন বণ্টন করা হবে। |

### গ) ব্যবসায় প্রশাসন (Business Administration) শাখা

| ক্রমিক | ভর্তিচ্ছু বিষয় ও কোড | নিম্নের বিষয়সমূহের যে কোন একটি উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পঠিত হিসাবে থাকতে হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ পেতে হবে | উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বন্টন (শতকরা হারে) |
|---|---|---|---|
| ২৮। | মার্কেটিং (Marketing) (2301) | ১। হিসাববিজ্ঞান (Accounting)<br>২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management)<br>৩। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (Finance, Banking and Insurance)<br>৪। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (Production Mangement & Mkting)<br>৫। অর্থনীতি (Economics)<br>৬। পরিসংখ্যান (Statistics)<br>৭। উচ্চতর গণিত (Higher Mathematics) | ব্যবসায় শিক্ষা শাখা → ৯০%<br>বিজ্ঞান শাখা → ৫%<br>মানবিক শাখা → ৫%<br>► **১ম ও ২য় মেধা তালিকা দেয়ার পরও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে।** |
| ২৯। | ফিন্যান্স (Finance) (2401) | | |
| ৩০। | হিসাববিজ্ঞান (Accounting) (2501) | | |
| ৩১। | ব্যবস্থাপনা (Management) (2601) | | |

### ৩। অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও করণীয়

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| **লগইন (Login)** | আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে **(www.nu.ac.bd/admissions) Honours Tab**-এ গিয়ে **Apply Now (Honours)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়, পাসের সন ও **একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে শিক্ষার্থীর শিক্ষা সহায়ক সকল তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে**। |
| **সঠিক লিঙ্গ (Gender) নির্ধারণ** | এ পর্যায়ে আবেদনকারীর অনলাইনে সংরক্ষিত ডাটাবেজের তথ্য অনুযায়ী **Male/Female** প্রদর্শিত হবে। আবেদনকারীর তথ্য ছকে **Male** এর স্থলে **Female** বা **Female** এর স্থলে **Male** প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক **Gender** এন্ট্রি দিতে হবে। |
| **কলেজ পছন্দ** | আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক যে কোন কলেজের নাম **Select** করলে সংশ্লিষ্ট কলেজে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির অধিভুক্ত বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। |
| **বিষয় পছন্দক্রম** | ওয়েবসাইটের তথ্য ছক থেকে পছন্দ অনুযায়ী একটি কলেজ **Select** করলে আবেদনকারী সংশ্লিষ্ট কলেজে তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা দেখতে পাবে এবং এই তালিকা থেকে আবেদনকারীকে সর্তকতার সংগে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। **এই পছন্দক্রম অনুসারে মেধার ভিত্তিতে বিষয় বরাদ্দ দেয়া হবে**। |
| **কোটা** | মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। **কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে**। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। |
| **ছবি সংযোজন** | প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। **ছবির মাপ 120×150 pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb হতে হবে**।<br>**আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।** |
| **ফরম চূড়ান্তকরণ** | সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে প্রথমে ফরমটি **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। **এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে** এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে **প্রিন্ট/pdf** কপি সংগ্রহ করতে হবে। |
| **আবেদন ফরম বাতিলকরণ/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন** | আবেদনকারীকে তার প্রাথমিক আবেদন ফরমের সকল তথ্য সঠিকভাবে যাচাই করতে হবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে **Applicant Login** অপশনে **Honours Login লিংকে** গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the Security key** অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও প্রকৃত ছবি আপলোড করতে পারবে।<br>তবে কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর বাতিল করা যাবে না। **আবেদনকারী ছবি পরিবর্তনের সুযোগ মাত্র একবারই পাবে।** |

| | |
|---|---|
| সংশ্লিষ্ট কলেজে প্রাথমিক আবেদন ফি প্রদান | আবেদনকারীকে প্রাথমিক আবেদন ফরমের প্রিন্ট/পিডিএফ কপি সংরক্ষণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাকিং এর মাধ্যমে জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে সে সকল আবেদনকারী তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানতে পারবে। প্রাথমিক আবেদন নিশ্চয়ন ব্যতীত কোন আবেদনকারীকেই মেধা তালিকায় অর্ন্তভুক্ত করা হবে না। |

**৪। মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী (*সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে*) কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসন**

| কোটার প্রকৃতি | সংশ্লিষ্ট কলেজে অধিভুক্ত একটি বিষয়ে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসন কোটার জন্য সংরক্ষিত থাকবে।<br>বিষয়ভিত্তিক আসন বন্টন | কোটার বিষয়ভিত্তিক সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসনের শর্তপূরণ সাপেক্ষে একটি কলেজে কোটার আসন সর্বমোট ২৫ (পঁচিশ) টির অধিক হবে না।<br>কলেজভিত্তিক আসন বন্টন | কোটায় আবেদন করার শর্ত |
|---|---|---|---|
| মুক্তিযোদ্ধার সন্তান | ০৩ টি | ১৫ টি | সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে। |
| আদিবাসি | ০১ টি | ০৭ টি | |
| প্রতিবন্ধী | ০১ টি | ০৩ টি | |
| মোট | ০৫ টি | ২৫ টি | |

**৫। পোষ্য (Ward) কোটায় ভর্তি**

স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি পোষ্য কোটায় আবেদন করতে পারবে। এ কোটায় আবেদনকারীকে পোষ্যের প্রমাণ পত্রের সংগে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর থেকেও পোষ্য হিসাবে প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে। পোষ্য কোটায় আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি নির্দেশিকার সকল শর্তপূরণ করতে হবে। **একটি কলেজে সর্বোচ্চ ০৩ (তিন) জন আবেদনকারী মেধার ভিত্তিতে পোষ্য কোটায় ভর্তি হতে পারবে এবং এ আসন অতিরিক্ত বলে বিবেচিত হবে ।**

**৬। ফলাফল ও মেধা তালিকা**

ক) **প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরী করে আবেদনকারীদের পছন্দক্রম অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেনির বিষয় বরাদ্দ দেয়া হবে।**

খ) **একই প্রতিষ্ঠান/কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম একই হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর পর্যায়ক্রমে i) ৪র্থ বিষয়সহ SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর যথাক্রমে ৪০% ও ৬০% ii) প্রয়োজন হলে SSC ও HSC পরীক্ষার মোট প্রাপ্ত নম্বরের যথাক্রমে ৪০% ও ৬০% iii) এর পরেও যদি দুই বা ততোধিক আবেদনকারীর প্রাপ্ত ফলাফল একই হয়, তা হলে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দেয়া হবে (অনুচ্ছেদ-৭ এ বর্ণিত মেধাক্রম প্রণয়ন পদ্ধতি অনুযায়ী)।**

গ) **এ ভর্তি কার্যক্রম পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, বিশেষ কোটা এবং রিলিজ স্লিপ (প্রয়োজনে একাধিক বার) এর মাধ্যমে সম্পন্ন করা হবে।**

ঘ) **সংশ্লিষ্ট কলেজ User ID, Password ও OTP ব্যবহার করে ভর্তির বিষয়ফভিত্তিক ফলাফল দেখতে পারবে। আবেদনকারীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এবং SMS (nu<space>athn<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা কলেজ থেকে ফলাফল জানতে পারবে।**

**৭। ভর্তি কার্যক্রমে মেধাক্রম প্রণয়ন পদ্ধতি**

**ধাপ-ক**

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) | মেধাক্রম |
|---|---|---|---|---|
| ১১১ | ৫ | ৫ | ২+৩=৫ | ১ |
| ১১২ | ৫ | ৪.৮ | ২+২.৮৮=৪.৮৮ | ২ |

ধাপ-খ

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) | SSC প্রাপ্ত নম্বর | HSC প্রাপ্ত নম্বর | মোট= SSC তে প্রাপ্ত নম্বরের এর ৪০% + HSC তে প্রাপ্ত নম্বরের ৬০% | মেধাক্রম |
|---|---|---|---|---|---|---|---|
| ১১১ | ৫ | ৫ | ২+৩=৫ | ৮২০ | ৮৬০ | ৩২৮+৫১৬=৮৪৪ | ১ |
| ১১২ | ৫ | ৫ | ২+৩=৫ | ৮২০ | ৮১০ | ৩২৮+৪৮৬=৮১৪ | ২ |

**ধাপ-গ**

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) | SSC প্রাপ্ত নম্বর | HSC প্রাপ্ত নম্বর | মোট= SSC তে প্রাপ্ত নম্বরের এর ৪০%+ HSC তে প্রাপ্ত নম্বরের ৬০% | আবেদনকারীর বয়স | মেধাক্রম |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১১১ | ৫ | ৫ | ২+৩=৫ | ৮২০ | ৮৬০ | ৩২৮+৫১৬=৮৪৪ | ১৮ বছর | ১ |
| ১১২ | ৫ | ৫ | ২+৩=৫ | ৮২০ | ৮৬০ | ৩২৮+৫১৬=৮৪৪ | ১৮ বছর ২ মাস | ২ |

## ৮। মেধা তালিকা/কোটার মেধা তালিকায় স্থান প্রাপ্ত আবেদনকারীদের ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
| --- | --- |
| **লগইন (Login)** | মেধা তালিকা/কোটার মেধা তালিকায় স্থান প্রাপ্ত আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) **Applicant Login** অপশনে **Honours Login** লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম, বরাদ্দকৃত বিষয়, সংশ্লিষ্ট কলেজের নাম ও অন্যান্য তথ্যসহ চূড়ান্ত ভর্তির আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। |
| **বিষয় পরিবর্তনের আবেদন** | মেধা তালিকায় স্থান প্রাপ্ত কোন আবেদনকারী তার বিষয় পরিবর্তন করতে চাইলে আবেদন ফরমে বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে **Yes** অপশন সিলেক্ট করতে হবে। **তবে কোটা/রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত আবেদনকারীদের বিষয় পরিবর্তনের কোন সুযোগ থাকবে না।** |
| **চূড়ান্ত আবেদন ফরমের প্রিন্ট** | **সঠিক তথ্যপূর্ণ ভর্তির আবেদন ফরমটি Submit Application** অপশনে ক্লিক করলে **ভর্তির চূড়ান্ত আবেদন ফরম** ওয়েবসাইটে প্রদর্শিত হবে। **ফরমটি ডাউনলোড করে দুই কপি A4** (8.5”×11”) অফসেট কাগজে প্রিন্ট নিতে হবে। পরবর্তীতে রোল নম্বর ও পিন কোড দিয়ে একাধিকবার ফরমটি প্রিন্ট নেয়া যাবে। |
| **সংশ্লিষ্ট কলেজে চূড়ান্ত ভর্তি ফরম জমা** | **আবেদনকারীকে চূড়ান্ত ভর্তি ফরমের প্রিন্ট/পিডিএফ কপি সংরক্ষণ করতে হবে এবং রেজিস্ট্রেশন ফি বাবদ ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল চূড়ান্ত আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে সে সকল আবেদনকারী তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানতে পারবে।** |
| **বিষয় পরিবর্তনের ফলাফল ও করণীয়** | সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক আসন শূন্য থাকা সাপেক্ষে ও মেধা স্কোরের ভিত্তিতে আবেদনকারীকে তার বিষয় পছন্দক্রম অনুযায়ী বিষয় পরিবর্তন করে দেয়া হবে এবং ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট ও SMS এর মাধ্যমে তা আবেদনকারীকে জানানো হবে। আবেদনকারীর বিষয় পরিবর্তন হলে ওয়েবসাইট থেকে একই প্রক্রিয়ায় বিষয় পরিবর্তনের ফরম সংগ্রহ করতে হবে। **উল্লেখ্য যে, কোন আবেদনকারীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন আবেদনকারীর বিষয় পরিবর্তন না হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বহাল থাকবে ।**<br>► **বিষয় পরিবর্তনের ক্ষেত্রে আবেদনকারীকে কোন ফি প্রদান করতে হবে না।** |
| **কোটার ফলাফল** | রিলিজ স্লিপের ফরম পূরণের পূর্বে কোটার মেধা তালিকা প্রকাশ করা হবে। যে সকল আবেদনকারী ইতোমধ্যে মেধা তালিকায় স্থান পেয়ে ভর্তি হয়েছে এবং একই সংগে কোটায় নতুন বিষয় বরাদ্দ পেয়েছে সে সকল আবেদনকারী কোটায় বরাদ্দকৃত বিষয়ে ভর্তি হলে তাদের পূর্বের ভর্তি বাতিল হয়ে যাবে। |
| **ভর্তি নিশ্চয়ন** | সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে মেধা তালিকায় স্থান প্রাপ্ত আবেদনকারীর ভর্তি নিশ্চয়ন/বিষয় পরিবর্তন হলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আবেদনকারীকে SMS এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে। এছাড়াও প্রার্থী অনলাইনে **Applicant Login** অপশন থেকে তা জানতে পারবে। |

## ৯। দ্বৈত ভর্তি বাতিল সম্পর্কিত জ্ঞাতব্য

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থীর ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তির পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে তাকে অবশ্যই পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে। **উল্লেখ্য যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী ভর্তি বাতিল করলে ভর্তি কার্যক্রম চলমান থাকা অবস্থায় তা পুন:বহাল করার কোন সুযোগ থাকবে না।**

## ১০। রিলিজ স্লিপে আবেদন করার শর্তাবলী ও ফরম পূরণ সম্পর্কিত জ্ঞাতব্য

যে সকল আবেদনকারী মেধা তালিকায় স্থান পাবে না, ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত বিষয়ে ভর্তি হবে না, সে সকল আবেদনকারী **বিষয়ভিত্তিক শূন্য আসন সাপেক্ষে পাঁচটি কলেজে** আলাদাভাবে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে। **কলেজ কর্তৃক যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা হবে না, সে সকল আবেদনকারী রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না।**

| রিলিজ স্লিপের ধাপসমূহ | করণীয় |
| --- | --- |
| **লগইন (Login)** | রিলিজ স্লিপে আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) **Applicant Login** অপশনে **Honours Login** লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। |
| **কলেজ ও বিষয় পছন্দক্রম নির্ধারণ** | রিলিজ **স্লিপে** আবেদনের জন্য **College Selection Option** এ গিয়ে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কলেজ **Select** করলে ঐ কলেজের বিষয়ভিত্তিক শূন্য আসনের তালিকা ও তার **Eligible** বিষয়ের তালিকা দেখতে পাবে। এ পর্যায়ে আবেদনকারী তার **Eligible** বিষয়ের তালিকা থেকে নতুন করে পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিবে। এভাবে একজন আবেদনকারী তার পছন্দ অনুযায়ী **মোট পাঁচটি কলেজে** পর্যায়ক্রমে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করবে। |
| **রিলিজ স্লিপের আবেদন ফরম চূড়ান্তকরণ** | সঠিক তথ্যসহকারে ফরম পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করলে আবেদনকারী তার নাম, প্রাথমিক আবেদনের রোল নম্বর, কলেজের নাম ও বিষয় পছন্দক্রমসহ একটি নতুন আবেদন ফরম ওয়েবসাইটে দেখতে পাবে। উক্ত ফরমটি **Download** করে **A4** (8.5”×11”) অফসেট সাদা কাগজে প্রিন্ট **/pdf** কপি সংগ্রহ করতে হবে তবে **এটি আবেদন ফরমে উল্লিখিত কলেজসমূহে জমা দিতে হবে না বা কোন ফি প্রদান করতে হবে না ।** |
| **রিলিজ স্লিপের আবেদন ফরম বাতিলকরণ** | রিলিজ স্লিপের আবেদন ফরম চূড়ান্তকরণের পরেও কোন আবেদনকারী তার আবেদন ফরমে কলেজ/বিষয়ের পছন্দক্রম সংশোধন বা পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Applicant Login** অপশনে **Honours Login** লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Cancel Release Slip অপশনে** গিয়ে **Click to Generate the Security key** ক্লিক করতে হবে। এ সময়ে |

| | |
|---|---|
| | আবেদনকারী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করতে পারবে। **আবেদনকারী এ সুযোগ কেবল একবারই পাবে।** |
| **রিলিজ স্লিপের ফলাফল** | রিলিজ স্লিপের ফলাফল নির্ধারিত সময়ে প্রকাশ করা হবে। **রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তনের কোন সুযোগ থাকবে না।** |
| **রিলিজ স্লিপের ভর্তি ফরম সংগ্রহ** | আবেদনকারী রিলিজ স্লিপের মাধ্যমে তার নির্বাচিত কলেজে বিষয় বরাদ্দ পেলে ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Honours Applicant's Login অপশনে গিয়ে ভর্তির আবেদন ফরম প্রিন্ট/pdf কপি সংগ্রহ করবে। এছাড়া আবেদনকারীকে রেজিস্ট্রেশন ফি বাবদ ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাকিং এর মাধ্যমে জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল শিক্ষার্থীর রিলিজ স্লিপের চূড়ান্ত ভর্তি অনলাইনে নিশ্চয়ন করবে সে সকল শিক্ষার্থীকে SMS এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে। |

## ১১। কলেজ কর্তৃপক্ষের করণীয় ধাপসমূহ

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| **সংশ্লিষ্ট কলেজের User ID, Password ও One Time Password (OTP) সংগ্রহ** | সংশ্লিষ্ট কলেজ ভর্তি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট **(www.nu.ac.bd/admissions)** এর **College (undergraduate) Login** অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত **User ID** ও **Password** এন্ট্রি দিবে। প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের সময় **Click to Generate the Security key** অপশনে গিয়ে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে **SMS** ও কলেজ ই-মেইল এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** ব্যবহার করে সংশ্লিষ্ট কলেজ আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে পারবে। এ লক্ষ্যে কলেজ কর্তৃপক্ষকে ভর্তি কার্যক্রমের সংগে সংশ্লিষ্ট দুই জন দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর ভর্তি প্রক্রিয়া শুরুর পূর্বে প্রেরণ করতে হবে। |
| **ভর্তির প্রাথমিক আবেদন ফি সংগ্রহ** | **সংশ্লিষ্ট কলেজ তাদের নিজস্ব তত্ত্বাবধানে নির্ধারিত মোবাইল ব্যাকিং এর মাধ্যমে আবেদনকারী প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা গ্রহণ করবেন। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ তাদের নিজস্ব ওয়েবসাইটে ও নোটিশ বোর্ডে আবেদনকারীদের নির্দেশনা প্রদান করবেন।**<br>**কলেজ কর্তৃক কোন আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা না হলে ঐ আবেদনকারীর মেধা তালিকা প্রণয়ন করা হবে না।** |
| **প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে এন্ট্রি** | নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজকে সকল আবেদনকারীর প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে এন্ট্রি নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে কলেজকে **College (undergraduate) Login** অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত **User ID** ও **Password** এন্ট্রি দিতে হবে এবং **Applicant's/ Admission Approval (Honours)** অপশনের মাধ্যমে যথাক্রমে প্রাথমিক/চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের এন্ট্রি নিশ্চিত করতে হবে। **কলেজ কর্তৃক কোন প্রাথমিক/চূড়ান্ত আবেদন ফরম নিশ্চয়ন করা না হলে সেই আবেদনকারী ভর্তিযোগ্য বলে বিবেচিত হবে না।** প্রতিটি কলেজ এন্ট্রিকৃত আবেদনকারীদের তালিকা ওয়েবসাইটে দেখতে পারবে।<br>**যে সকল শিক্ষার্থী মেধা তালিকায় স্থান পেয়ে ভর্তি হয়েছে এবং একই সংগে কোটায় নতুন বিষয় বরাদ্দ পেয়েছে সে সকল শিক্ষার্থী কোটায় বরাদ্দকৃত বিষয়ে ভর্তি হতে চাইলে তাদেরকে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কোটার ভর্তি অনলাইনে অবশ্যই নিশ্চয়ন করতে হবে। এক্ষেত্রে কোটার ভর্তির জন্য কোন ফি গ্রহণ করা যাবে না।** |
| **প্রাথমিক আবেদন 'ফি'র নির্ধারিত অংশ "সোনালী ব্যাংক" এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ** | সংশ্লিষ্ট কলেজ কর্তৃক আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [আবেদনকারী প্রতি ১৫০/- **(একশত পঞ্চাশ)** টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ **Login** এর মাধ্যমে **Application Payment Info (Honours)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করবে। **Pay Slip** এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ভর্তির প্রাথমিক আবেদন (ভর্তি ফান্ড) ফি'র সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100003245** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং সংশ্লিষ্ট কলেজকে এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। |

## ১২। চূড়ান্ত ভর্তির বিষয়ে কলেজের করণীয়

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| **আবেদনকারীদের অনলাইনে এন্ট্রি নিশ্চিতকরণ** | সংশ্লিষ্ট কলেজকে মেধা তালিকা, রিলিজ স্লিপ ও কোটায় স্থানপ্রাপ্ত আবেদনকারীদের স্ব স্ব বিষয়ে চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে এন্ট্রি সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কোন আবেদনকারীর চূড়ান্ত ভর্তি **নিশ্চয়ন না করা হলে উক্ত আবেদনকারীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।** |
| **রেজিস্ট্রেশন ফি'র নির্ধারিত অংশ "সোনালী ব্যাংক" এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ** | সংশ্লিষ্ট কলেজ শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ **[প্রতি শিক্ষার্থী থেকে ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকা হারে]** যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ **Login** এর মাধ্যমে **Admission Payment Info (Honours)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করবে। **Pay Slip** এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে। |

**১৩। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফিসের হার নিম্নরূপঃ**

**ক) প্রাথমিক আবেদন ফি**

| | |
|---|---|
| i) আবেদনকারী প্রতি প্রাথমিক আবেদন ফি | = ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা<br>[জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা ও কলেজের অংশ ১০০/-(একশত) টাকা] |

**খ) রেজিস্ট্রেশন ফি**

| | |
|---|---|
| **i)** শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি | = ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা |
| **ii)** শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি | = ২০/- (বিশ) টাকা |
| **iii)** শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি | = ৫/- (পাঁচ) টাকা |
| **iv)** শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ১০/- (দশ) টাকা |
| | মোট = ৪৮৫ (চারশত পঁচাশি) টাকা |
| **v)** শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি<br>**vi)** শিক্ষার্থী প্রতি ভর্তি পুন:বহাল ফি | = ৭০০/- (সাতশত) টাকা<br>= ৭০০/- (সাতশত) টাকা |

- **এই ভর্তি নির্দেশিকার যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

১৯.০৭.২০২১

**(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)**
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
ও
সদস্য সচিব, স্নাতক (সম্মান) ভর্তি পরিচালনা মূল কমিটি
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ৯২৯১০৬৮, ৯২৯১০৮৪
ফ্যাক্স-৯২৯১০৭২
ই-মেইল- deanug@nubd.info

© *কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ*